বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.bhtpa.gov.bd

স্মারক নং-৫৬.০২.০০০০.০০৪.১১.008.21-                                                                 তারিখ:২৩/০৬/২০২১খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

**বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ**

| ক্র: নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী | ০২ (দুই) | টাঃ ৯,৩০০/- থেকে ২২,৪৯০/- (গ্রেডঃ ১৬) (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) বাংলা ও ইংরেজি টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে অন্যূন ২০ ও ২০ শব্দের গতি;<br>গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। | কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, মাদারীপুর, ময়মনসিংহ, শরিয়তপুর, রাজশাহী, যশোর, নড়াইল, গোপালগঞ্জ, পিরোজপুর, টাঙ্গাইল, কুড়িগ্রাম, সিরাজগঞ্জ, জামালপুর, নরসিংদী, সাতক্ষীরা ও বাগেরহাট জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে যেকোন জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থী আবেদন করতে পারবে। |

**আবেদনের নিয়মাবলি এবং নিয়োগ সংক্রান্ত শর্তাবলি:**

১। আগ্রহী সকল প্রার্থীকে অনলাইনে https://erecruitment.bcc.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী **২৮ জুন, ২০২১ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ২৯ জুলাই, ২০২১ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে** আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সফট্ওয়্যার কর্তৃক গৃহীত হবে না। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;

২। অনলাইনে আবেদনের জন্য https://erecruitment.bcc.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলেerecruitment কর্তৃক ভেরিফিকেশন লিংক এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইল আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপসমূহ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইট হতে নিবন্ধন গাইডলাইন ও আবেদনের গাইডলাইন অনুসরণ করতে হবে);

৩। Online-এ আবেদনের সময় নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel× প্রস্থ ৩০০pixel) আপলোড করতে হবে;

৪। আবেদনকারীগণ পরীক্ষার ফি বাবদ ১১২ (একশত বারো) টাকা DBBL Mobile Banking (Rocket), bKash এবং Nagad এর মাধ্যমে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) জমা করতে হবে;

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে। কোটাধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে;

৬। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে;

৭। সাধারন প্রার্থীদের ক্ষেত্রে 2৮/০৬/২০২১ খ্রিঃ তারিখে বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে 2৮/06/২০২১ তারিখে বয়স হবে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর এবং মুক্তিযোদ্ধার সন্তানদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বৎসর হতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৮। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারও সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না;

৯। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে;

১০। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে দাখিলকৃত Application Form এর ফটোকপিসহ নিম্নোক্ত পত্রাদি দাখিল করতে হবে;

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি;

খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;

গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি ও কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে;

ঘ) ইউনিয়ন পরিষদের চেয়াম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ত ও চারিত্রিক বৈশিষ্ট্যের সার্টিফিকেট;

ঙ) প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এ প্রকাশিত প্রমাণক এর আলোকে সত্যায়িত অনুলিপি উপস্থাপন করতে হবে;

চ) এতিম/শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারী প্রার্থীকে উপযুক্ত প্রমাণক উপস্থাপন করতে হবে;

১১। নিয়োগকৃত কর্মচারীর চাকুরী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধিবিধান প্রযোজ্য ক্ষেত্রে কার্যকর হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান এবং কোটা পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে;

১৩। দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না;

১৪। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

১৫। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ/তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী পাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/পদত্ত তথ্য অসত্য পমাণিত হলে তাকে চাকুরী থেকে তাৎড়্গাণিকভাবে বরখাস্থ করা এবং তার বিরম্নদ্ধে আইনানুগ ব্যবস' গহণের বিষয়ে কর্তৃপড়্গ সকল ড়্গামতা সংরড়্গাণ করবে|

১৬। প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই করে কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত পরীক্ষার জন্য এসএমএস এর মাধ্যমে অবগত করা হবে। মৌখিক বা অন্যান্য পরীক্ষার জন্য পত্র প্রেরণ করা হবে না তবে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসইট www.bhtpa.gov.bd-এ প্রকাশ করা হবে;

১৭। নিয়োগ বিজ্ঞপ্তি জারীর পরেও কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষের জারীকৃত প্রাসঙ্গিক সকল আদেশ/পরিপত্র/নীতিমালা প্রযোজ্য হবে;

১৮। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কর্তৃপক্ষের প্রয়োজনীয়তার নিরিখে হ্রাস/বৃদ্ধি হতে পারে;

১৯। যেকোন আবেদনপত্র বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

২০। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না;

২১। অনলাইন আবেদন করতে কোন সমস্য হলে ০২-৫৫০০৭১৮৩-এক্সট ১০৮ নং টেলিফোনে জনাব তানিমুল বারী, টেকনিক্যাল স্পেশালিস্ট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

২২। নিয়োগ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ হাই-টেক পার্কের ওয়েবসাইট www.bhtpa.gov.bd তে পাওয়া যাবে।

পরিচালক (অর্থ ও প্রশাসন)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ